12 – 18 August, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.)

❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖

Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ৩২ সাপ্তাহিক ১২ - ১৮ আগস্ট, ২০২১ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ১৮ Rs. 5.00

ভেতরের পাতায়

আইডিবিআই ব্যাঙ্কে ৬৫০

স্নাতক যোগ্যতায়

ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আইডিবিআই) ৬৫০টি শূন্যপদে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড-এ শাখায় পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। নির্বাচিত প্রার্থীদের সারা দেশের বিভিন্ন রাজ্যে নিয়োগ করা হবে। সাউদার্ন অ্যান্ড ওয়েস্টার্ন জোনের মধ্যে বেঙ্গালুরু, চেন্নাই, হায়দ্রাবাদ, মুম্বাই, নাগপুর, পুণে ও আমেদাবাদ কেন্দ্রে; নর্দার্ন অ্যান্ড ইস্টার্ন জোনে ভোপাল, চণ্ডীগড়, কলকাতা, ভুবনেশ্বর, দিল্লি, লক্ষ্ণৌ ও পাটনা কেন্দ্রে সংস্থার অধীনস্থ বিভিন্ন অফিসে নিয়োগ করা হবে। আবেদন করতে হবে ২২ আগস্টের মধ্যে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৫/২০২১-২২। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। নির্বাচিত প্রার্থীদের আইডিবিআই ব্যাঙ্ক প্রাথমিকভাবে ৯ মাস মেয়াদে 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ব্যাঙ্কিং অ্যান্ড ফিন্যান্স' (পিজিডিবিএফ) কোর্সে প্রশিক্ষণ দেওয়া হবে। এরপর ৩ মাসের ইন্টার্নশিপ করানো হবে সংশ্লিষ্ট ব্যাঙ্কের ব্রাঞ্চগুলিতে। সম্পূর্ণ কোর্সটি সম্পন্ন করার পর প্রার্থীকে পিজিডিবিএফ সার্টিফিকেট দেওয়া হবে এবং আইডিবিআই ব্যাঙ্কের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড-এ শাখায় নিয়োগ করা হবে।

▶ **শূন্যপদ :** মোট শূন্যপদ ৬৫০টি (অসংরক্ষিত ২৬৫, এসসি ৯৭, এসটি ৪৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬৫, ওবিসি ১৭৫)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২৬টি শূন্যপদ

এরপর ২ পাতায়

কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসে ৩৩৯

স্নাতক যোগ্যতায়

প্রত্যাশামতোই 'ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন' (ইউপিএসসি) কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস এক্সামিনেশন (২), ২০২১ পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর : 11/2021.CDS-II। প্রার্থীদের আবেদন করতে হবে ২৪ আগস্ট সন্ধ্যা ৬টার মধ্যে।

▶ **শূন্যপদ : *১) ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, দেরাদুন (১৫৩তম)*** শাখায় শূন্যপদ ১০০টি। এরমধ্যে ১৩টি শূন্যপদ এনসিসি 'সি' সার্টিফিকেট (আর্মি উইং) হোল্ডারদের জন্য সংরক্ষিত।

এরপর ২ পাতায়

কোল ইন্ডিয়া লিমিটেডে ৫৮৮

ইঞ্জিনিয়ারিং যোগ্যতায়

কেন্দ্রীয় কয়লা মন্ত্রকের অধীনস্থ মহারত্ন পাবলিক সেক্টর কোল ইন্ডিয়া লিমিটেড ৫৮৮টি শূন্যপদে মাইনিং, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এবং জিওলজি শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদে নিয়োগ করতে চলেছে। কোল ইন্ডিয়া লিমিটেডের হেড কোয়ার্টার কলকাতায় অবস্থিত। প্রার্থীদের অবশ্যই ২০২১ সালের গেট পরীক্ষায় বৈধ স্কোর পেয়ে থাকতে হবে। আবেদন করতে হবে ৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে।

▶ **শূন্যপদ :** মোট শূন্যপদ ৫৮৮টি। এর মধ্যে– ***১) মাইনিং ইঞ্জিনিয়ারিং*** শাখায় মোট শূন্যপদ ২৫৩টি (অসংরক্ষিত ৮৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪৫, এসসি ৩৭, এসটি ১৫ এবং ওবিসি ৬৮)।

এরপর ৩ পাতায়

বর্ডার সিকিউরিটি ফোর্সে ২৬৯

স্পোর্টস কোটায় নিয়োগ

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ বর্ডার সিকিউরিটি ফোর্সে স্পোর্টস কোটায় ২৬৯ জন পুরুষ ও মহিলাকে কনস্টেবল (জেনারেল ডিউটি) শাখায় নিয়োগ করা হবে। আবেদন করতে হবে ২২ সেপ্টেম্বরের মধ্যে। মোট ২১টি ক্রীড়া শাখায় প্রার্থী নিয়োগ হবে।

▶ **শূন্যপদ : *১) বক্সিং (পুরুষ)*** শাখায় শূন্যপদ ১০টি (৪৯ কেজিতে ২টি, ৫২ কেজিতে ১টি, ৫৬ কেজিতে ১টি, ৬০ কেজিতে ১টি, ৬৪ কেজিতে ১টি, ৬৯ কেজিতে ১টি, ৭৫ কেজিতে ১টি, ৮১ কেজিতে ১টি এবং ৯১ কেজিতে ১টি শূন্যপদ সংরক্ষিত)।

এরপর ২ পাতায়

ভারতীয় বায়ুসেনায় ১৯৭

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

ভারতীয় বায়ুসেনা ১৯৭টি শূন্যপদে গ্রুপ-সি সিভিলিয়ান শাখায় কুক, মাল্টি টাস্কিং স্টাফ, লন্ড্রিম্যান, এসি মেকানিক, কার্পেন্টার, সুপারিন্টেন্ডেন্ট (স্টোর), ফিটার, লোয়ার ডিভিশন ক্লার্ক, টেলার, মেস স্টাফ, স্টোরকিপার, পেন্টার, ট্রেডসম্যান মেট, সাফাইওয়ালা, হিন্দি টাইপিস্ট, সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার ও হাউসকিপিং স্টাফ পদে প্রার্থী নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 03/2021-DR। প্রার্থীদের নিয়োগ করা হবে ভারতীয় বায়ুসেনার বিভিন্ন স্টেশনে। প্রার্থী যে এয়ারফোর্স স্টেশনে আবেদন করতে চান সেখানকার ঠিকানায় আবেদনপত্র পাঠাবেন

এরপর ২ পাতায়

হিন্দুস্তান উর্বরক অ্যান্ড রসায়ন লিমিটেডে ৫১৩

ইঞ্জিনিয়ারিং যোগ্যতায়

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড, এনটিপিসি লিমিটেড, ফার্টিলাইজার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড, হিন্দুস্তান ফার্টিলাইজার কর্পোরেশন লিমিটেড এবং কোল ইন্ডিয়া লিমিটেডের সহযোগী সংস্থা হিন্দুস্তান উর্বরক অ্যান্ড রসায়ন লিমিটেড ৫১৩টি শূন্যপদে কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন

এরপর ১৬ পাতায়

ইনফ্যান্ট্রি স্কুলে ৭৭

প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ইনফ্যান্ট্রি স্কুলে গ্রুপ-সি শাখায় ৭৭টি শূন্যপদে অ্যাকাউন্ট্যান্ট, ড্রাফটসম্যান, লোয়ার ডিভিশন ক্লার্ক, কার্পেন্টার, ট্রান্সলেটর, স্টোরকিপার, বুটমেকার, পেন্টার, সিভিলিয়ান মোটর ড্রাইভার, মাল্টি টাস্কিং স্টাফ ইত্যাদি আরও বিভিন্ন পদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্রার্থীদের নিয়োগ করা হবে কর্ণাটকের বেলগাঁওতে অবস্থিত ইনফ্যান্ট্রি স্কুলে এবং Mhow Station-এ অবস্থিত ইনফ্যান্ট্রি স্কুলে। ইচ্ছুক প্রার্থীদের আবেদনপত্র পাঠাতে হবে এই ঠিকানায়– To, The Presiding Officer, Civilian Direct Recruitment, Application Scrutiny Board, The Infactry School, Mhow (Madhyapradesh)-453441 এবং To, The Presiding

এরপর ১৬ পাতায়

উত্তর-পূর্ব রেলে ১৬৬৪ অ্যাপ্রেন্টিস

আবেদনের শেষ তারিখ ১ সেপ্টেম্বর

রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের অধীনস্থ নর্থ-সেন্ট্রাল রেলওয়ে ১৬৬৪টি শূন্যপদে বিভিন্ন শাখায় অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ দেওয়ার বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। ১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস অ্যাক্ট অনুযায়ী নর্থ-সেন্ট্রাল রেলের প্রয়াগরাজ, আগ্রা ও ঝাঁসি ওয়ার্কশপে এই প্রশিক্ষণ দেওয়া হবে। ইচ্ছুক প্রার্থীদের আবেদন করতে হবে ১ সেপ্টেম্বর

এরপর ৩ পাতায়

সম্পাদকীয়

সমাপ্ত হল বিশ্বের সর্বশ্রেষ্ঠ ক্রীড়া প্রতিযোগিতার আসর অলিম্পিক্স ২০২০। করোনা পরিস্থিতির কারণে গতবছর অলিম্পিক প্রতিযোগিতা বাতিল করে এবছর জাপানের রাজধানী টোকিওতে ২৩ জুলাই থেকে ৮ আগস্ট পর্যন্ত অনুষ্ঠিত হল। আজ পর্যন্ত অলিম্পিকে যতবার ভারত অংশগ্রহণ করেছে তার মধ্যে টোকিও অলিম্পিক ছিল সর্বকালের সেরা পারফর্মেন্সের প্রতীক। ১টি সোনা, ২টি রুপো ও ৪টি ব্রোঞ্জ নিয়ে মোট ৭টি পদক পেয়ে ৪৮তম স্থানে শেষ করল আমাদের দেশ ভারতবর্ষ। সোনার ছেলে নীরজ চোপড়া, রুপোলি কন্যা মীরাবাঈ চানু, রৌপ্য কুমার রবিকুমার দাহিয়া এবং বাকি ৪টি ব্রোঞ্জ পদক পেয়ে যথাক্রমে– পিভি সিন্ধু, লভলিনা বরগোহাঁই, বজরং পুনিয়া এবং দীর্ঘ ৪১ বছর পর ভারতীয় পুরুষ হকি দল দেশকে পৃথিবীর সভায় গৌরবান্বিত করেছে। পদকপ্রাপ্তিতে শীর্ষস্থানে আছে মার্কিন যুক্তরাষ্ট্র, দ্বিতীয় স্থান ধরে রেখেছে চীনারা, তৃতীয় ও চতুর্থ স্থানে যথাক্রমে আয়োজক দেশ জাপান ও গ্রেট ব্রিটেন। পত্রিকার তরফ থেকে আমরা সরকারি চাকরিপ্রার্থীদের আগেও বলেছি যে, ধরাবাঁধা গথে পড়াশোনা না করে স্কুল কলেজে থাকাকালীন নির্দিষ্ট পাঠ্যক্রমের বাইরে গিয়ে পড়াশোনা করাটা অত্যন্ত জরুরি। তাতে ব্যক্তির দেশ-বিদেশ সম্পর্কে যেরকম জ্ঞান আরোহন হয় সেরকম বিভিন্ন বিষয় সম্পর্কে উৎসাহ বৃদ্ধি পায়, তারমধ্যে খেলাধুলো অন্যতম। মনীষীদের বিভিন্ন প্রেরণামূলক বাণীতেও একথা শোনা যায় যে, ভবিষ্যৎ পরিকল্পনা করতে শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি একজন ছাত্র বা ছাত্রীর খেলাধুলো, শিল্পকলা ইত্যাদি বিষয়েও চর্চা করা আবশ্যক, তাতে মনের বিকাশ ঘটে। সরকারি চাকরির প্রশিক্ষণ নিয়ে যারা দৃশ্যতই জীবনে প্রতিষ্ঠিত হয়েছেন তারা প্রত্যেকেই নিজেদের অভিজ্ঞতার কথা জানাতে গিয়ে বলেছেন, শুধুমাত্র মেধা দিয়ে সাফল্য আসেনি। সঙ্গে অধ্যাবসায় ও সঠিক গাইডেন্স তাদেরকে সাফল্য পেতে সাহায্য করেছে। তাই প্রতিটি চাকরিপ্রার্থীকে বলব, ধৈর্য্য ধরে পাঠসাধনায় নিমগ্ন থাকতে এবং মনের বিকাশ ঘটাতে শরীরচর্চা ও খেলাধুলার সঙ্গে নিজেকে অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে নিতে, যা সাফল্যের পথকে আরও মসৃণ করে তোলে। সকলে ভালো থাকুন ও অপরকে ভালো রাখুন এবং জীবনে সফল হোন, সর্বদাই পাশে আছে 'শিক্ষা চাকরি ও খেলা'।

কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসে ৩৩৯

১ পাতার পর

এই কোর্সটি শুরু হচ্ছে ২০২২ সালের জুলাই মাস থেকে। *২) ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি, এজিমালা* শাখায় শূন্যপদ ২২টি। এরমধ্যে ৩টি শূন্যপদ এনসিসি 'সি' সার্টিফিকেট (ন্যাভাল উইং থ্রু এনসিসি স্পেশাল এন্ট্রি) হোল্ডারদের জন্য সংরক্ষিত। এই শাখায় এক্সিকিউটিভ ব্রাঞ্চে [(জেনারেল সার্ভিস)/হাইড্রো] কোর্সটি শুরু হচ্ছে ২০২২ সালের জুলাই মাস থেকে। *৩) এয়ারফোর্স অ্যাকাডেমি, হায়দ্রাবাদ-(প্রি ফ্লায়িং)* শাখায় শূন্যপদ ৩২টি। এরমধ্যে ৩টি শূন্যপদ এনসিসি 'সি' সার্টিফিকেট (এয়ার উইং) হোল্ডারদের জন্য সংরক্ষিত। এই শাখায় কোর্সটি শুরু হচ্ছে ২০২২ সালের জুলাই মাস থেকে। *৪) অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি,* চেন্নাই-১১৬তম শর্ট সার্ভিস কমিশন (পুরুষ) (এনটি) (ইউপিএসসি) শাখায় শূন্যপদ ১৬৯টি। এই শাখায় কোর্সটি শুরু হচ্ছে ২০২২ সালের অক্টোবর মাস থেকে। *৫) অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি,* চেন্নাই-৩০তম শর্ট সার্ভিস কমিশন (পুরুষ) (এনটি) (ইউপিএসসি) শাখায় শূন্যপদ ১৬টি। এই শাখায় কোর্সটি শুরু হচ্ছে ২০২২ সালের অক্টোবর মাস থেকে। অর্থাৎ মোট শূন্যপদ ৩৩৯টি। শুধুমাত্র অবিবাহিত পুরুষ ও মহিলা প্রার্থীরা আবেদনযোগ্য।

▸ **বয়সসীমা :** ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি এবং ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে আবেদনের জন্য প্রার্থীদের জন্মতারিখ হতে হবে ২ জুলাই, ১৯৯৮ থেকে ১ জুলাই, ২০০৩ তারিখের মধ্যে। এয়ারফোর্স অ্যাকাডেমিতে আবেদনের জন্য প্রার্থীর জন্মতারিখ হতে হবে ২ জুলাই, ১৯৯৮ থেকে ১ জুলাই, ২০০২ তারিখের মধ্যে।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি এবং অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে। এয়ারফোর্স অ্যাকাডেমিতে আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে অথবা, উচ্চমাধ্যমিক স্তরে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে পড়ে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি এবং এয়ারফোর্স অ্যাকাডেমির জন্য লিখিত পরীক্ষাতে ইংলিশ, জেনারেল নলেজ এবং এলিমেন্টারি ম্যাথমেটিক্স– এই তিনটি বিষয় থাকবে। প্রতিটি বিষয়েই নির্ধারিত সময় ২ ঘণ্টা করে এবং প্রতিটি বিষয়ে মোট ১০০ নম্বর করে মোট ৩০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে। শুধুমাত্র অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে এলিমেন্টারি ম্যাথমেটিক্স বিষয় থেকে প্রশ্ন থাকবে না। বাকি বিষয়গুলি থেকে প্রশ্ন থাকবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে প্রার্থীকে সার্ভিস সিলেকশন বোর্ডের দ্বারা অনুষ্ঠিত ইন্টারভিউ বা পার্সোনালিটি টেস্টে অংশগ্রহণ করতে হবে। ইন্টারভিউটি চারটি ধাপে অনুষ্ঠিত হবে। প্রথম তিনটি ধাপে ৩০০ নম্বর করে মোট ৯০০ নম্বরের পরীক্ষা হবে। শেষ ধাপটিতে ২০০ নম্বরের পরীক্ষা হবে। প্রায় ৫দিন ধরে ইন্টারভিউ রাউন্ড চলবে। লিখিত পরীক্ষায় এক-তৃতীয়াংশ নেগেটিভ মার্কিং থাকবে। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৪ নভেম্বর, ২০২১।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৪ আগস্ট সন্ধ্যা ৬টার মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে http://upsconline.nic.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২০০ টাকা। এসসি/এসটি ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। অফলাইনে টাকা জমা করতে হবে ২৩ আগস্টের মধ্যে। অনলাইন আবেদনপত্রটির প্রিন্টআউট করার সময়সীমা ৩১ আগস্ট থেকে ৬ সেপ্টেম্বর সন্ধ্যা ৬টা মধ্যে। আবেদনপত্রের একটি প্রিন্টআউট কপি অবশ্যই নিজের কাছে রেখে দেবেন। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে দেখুন।

ভারতীয় বায়ুসেনায় ১৯৭

১ পাতার পর

৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ :** এয়ারফোর্সের ৪টি স্টেশনে উক্ত প্রার্থীদের নিয়োগ করা হবে। হেড কোয়ার্টার মেন্টেন্যান্স কমান্ড স্টেশনে শূন্যপদ ১৫৩টি। হেড কোয়ার্টার ইস্টার্ন এয়ার কমান্ড স্টেশনে শূন্যপদ ৩২টি। হেড কোয়ার্টার সাউথ-ওয়েস্টার্ন এয়ার কমান্ড স্টেশনে শূন্যপদ ১১টি এবং ইন্ডিপেন্ডেন্ট ইউনিক স্টেশনে ১টি শূন্যপদ সংরক্ষিত। নীচে পোস্টাল অ্যাড্রেস অনুযায়ী শূন্যপদ বর্ণনা করা হল। হেড কোয়ার্টার মেন্টেন্যান্স কমান্ড : 1) *ঠিকানা :* CO, HQ MC (U), Air Force, Vayusena Nagar, Nagpur-440007। এখানে কুক শাখায় ১টি (অসংরক্ষিত), এমটিএস শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত) শূন্যপদ আছে। 2) *ঠিকানা :* AOC, Air Force Station, Chakeri, Kanpur-208008। এখানে লন্ড্রিম্যান শাখায় ১টি (অসংরক্ষিত) শূন্যপদ আছে। 3) *ঠিকানা :* AOC, Base Repair Depot, Air Force Station, Chandigarh-160003। এখানে সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) শাখায় ৩টি (অসংরক্ষিত ২, ওবিসি ১), কার্পেন্টার শাখায় ৫টি (অসংরক্ষিত ২, ওবিসি ১, এসসি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১), পেন্টার শাখায় ১টি (ওবিসি) শূন্যপদ আছে। 4) *ঠিকানা :* CO, 4 Base Repair Depot, Air Force, Chakeri, Kanpur-208008। এখানে কার্পেন্টার শাখায় ১টি (অসংরক্ষিত), ফিটার শাখায় ৩টি (অসংরক্ষিত ১, এসসি ১ ও এসটি ১) শূন্যপদ আছে। 5) *ঠিকানা :* AOC, Base Repair Depot, Air Force Station, Sulur, Coimbatore, Tamilnadu-641401। এখানে এলডিসি শাখায় ৩টি (অসংরক্ষিত ২, ওবিসি ১), কুক শাখায় ৪টি (অসংরক্ষিত ১, ওবিসি ২, এসসি ১),

এরপর ৩ পাতায়

আইডিবিআই ব্যাঙ্কে ৬৫০

১ পাতার পর

সংরক্ষিত।

▸ **বয়সসীমা :** ১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ২১-২৮ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা ৫৫ শতাংশ নম্বর পেলে আবেদনযোগ্য। শিক্ষাগত যোগ্যতা ১ জুলাই, ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থীদের বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। ২ ঘণ্টা সময়ে লিখিত পরীক্ষাটিতে থাকবে– অবজেক্টিভ টাইপের প্রশ্ন– ১) লজিক্যাল রিজনিং, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন থেকে ৬০ নম্বর, ২) ইংলিশ ল্যাঙ্গুয়েজ থেকে ৪০ নম্বর, ৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড থেকে ৪০ নম্বর এবং ৪) জেনারেল/ইকোনমি/ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস থেকে ৬০ নম্বরের প্রশ্ন। এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকবে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীকে ইন্টারভিউতে ডাকা হবে। ইন্টারভিউ হিন্দি অথবা ইংরেজি ভাষায় নেওয়া হবে। অনলাইন পরীক্ষার সম্ভাব্য তারিখ ৪ সেপ্টেম্বর, ২০২১।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২২ আগস্টের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.idbibank.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি ২০০ টাকা। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

বর্ডার সিকিউরিটি ফোর্সে ২৬৯

১ পাতার পর

বক্সিং (মহিলা) শাখায় শূন্যপদ ১০টি (৪৮ কেজিতে ১টি, ৫১ কেজিতে ১টি, ৫৪ কেজিতে ১টি, ৫৭ কেজিতে ১টি, ৬০ কেজিতে ১টি, ৬৪ কেজিতে ১টি, ৬৯ কেজিতে ১টি, ৭১ কেজিতে ১টি এবং ৮১ কেজিতে ১টি এবং ৮১ কেজি+এ ১টি শূন্যপদ সংরক্ষিত)। *২) জুডো (পুরুষ)* শাখায় শূন্যপদ ৮টি (৬০ কেজিতে ১টি, ৬৬ কেজিতে ১টি, ৭৩ কেজিতে ১টি, ৮১ কেজিতে ২টি, ৯০ কেজিতে ১টি, ১০০ কেজিতে ১টি, ১০০ কেজি+এ শূন্যপদ ১টি শূন্যপদ সংরক্ষিত)। *জুডো (মহিলা)* শাখায় শূন্যপদ ৮টি (৪৮ কেজিতে ১টি, ৫২ কেজিতে ১টি, ৫৭ কেজিতে ১টি, ৬৩ কেজিতে ২১টি, ৭০ কেজিতে ১টি, ৭৮ কেজিতে ১টি, ৭৮ কেজি+এ ২টি শূন্যপদ সংরক্ষিত)। *৩) সুইমিং (পুরুষ)* শাখায় শূন্যপদ ১২টি (ইন্ডিভিজুয়াল মিডলেতে ১টি, ব্যাক স্ট্রোকে ১টি, ব্রেস্ট স্ট্রোকে ১টি, বাটারফ্লাই স্ট্রোকে ১টি, ফ্রিস্টাইলে ১টি, ওয়াটারপোলো প্লেয়ার-এ ৩টি, গোলকিপার ১টি, ডাইভিং স্প্রিং/হাইবোর্ডে ৩টি শূন্যপদ সংরক্ষিত)। *সুইমিং (মহিলা)* শাখায় শূন্যপদ ৪টি (ওয়াটারপোলো প্লেয়ার-এ ৩টি এবং ডাইভিং স্প্রিং/হাইবোর্ডে ১টি শূন্যপদ সংরক্ষিত)। *৪) ক্রস কান্ট্রি (পুরুষ)* শাখায় শূন্যপদ ২টি (১০ কিমি)। *ক্রস কান্ট্রি (মহিলা)* শাখায় শূন্যপদ ২টি (১০ কিমি)। *৫) কাবাডি (পুরুষ)* শাখায় শূন্যপদ ১০টি (রেডার ৩, অলরাউন্ডার ৩, রেড কর্ণার ১, রাইট কর্ণার ১, লেফট কভার ১ ও রাইট কভারে ১টি শূন্যপদ সংরক্ষিত)। *৬) ওয়াটার স্পোর্টস (পুরুষ)* শাখায় শূন্যপদ ১০টি (লেফট হ্যান্ড ক্যানোয়িং ৪, রাইট হ্যান্ড ক্যানোয়িং ২, রোয়িং ১, কায়াকিং ৩টি শূন্যপদ সংরক্ষিত)। *ওয়াটার স্পোর্টস (মহিলা)* শাখায় শূন্যপদ ৬টি (ক্যানোয়িংয়ে ৩টি ও কায়াকিংয়ে ৩টি শূন্যপদ সংরক্ষিত)। *৭) উসু (পুরুষ)* শাখায় শূন্যপদ ১১টি (৪৮ কেজিতে ১, ৫২ কেজিতে ১, ৫৬ কেজিতে ১, ৬০ কেজিতে ১, ৬৫ কেজিতে ১, ৭০ কেজিতে ১, ৭৫ কেজিতে ১, ৮১ কেজিতে ১, ৮৫ কেজিতে ১টি, ৯০ কেজিতে ১টি এবং ৯০ কেজি+এ ১টি শূন্যপদ সংরক্ষিত)। *৮) জিমন্যাস্টিক্স (পুরুষ)* শাখায় শূন্যপদ

এরপর ১৫ পাতায়

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata - 700025 (South 24 Pgs.)
- **Printed from :** Ananda Offset Pvt. Ltd., GN-39, Sector - V, Saltlake City, Kolkata - 700091
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

ভারতীয় বায়ুসেনায় ১৯৭

২ পাতার পর

এসি মেকানিক শাখায় ১টি (এসসি), কার্পেন্টার শাখায় ১টি (আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি), এমটিএস শাখায় ৫টি (অসংরক্ষিত ২, ওবিসি ১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১) শূন্যপদ আছে। 6) ***ঠিকানা :*** CO, 8, Base Repair Depot, Air Force, Air Force Station, Abadi, Chennai-600055। এখানে এমটিএস শাখায় ১টি (আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি) শূন্যপদ আছে। 7) ***ঠিকানা :*** AOC, Base Repair Depot, Air Force, Chandannagar, Oppo. D' Mello Petrol Pump Nagar Road, Pune-411014। এখানে এমটিএস শাখায় ৬টি (অসংরক্ষিত ২, ওবিসি ২, এসসি ২) শূন্যপদ আছে। 8) ***ঠিকানা :*** AOC, Base Repair Depot, Air Force, Chandannagar, Oppo. D' Mello Petrol Pump Nagar Road, Pune-411014। এখানে এমটিএস শাখায় ৬টি (অসংরক্ষিত ২, ওবিসি ২, এসসি ২) শূন্যপদ আছে। 9) ***ঠিকানা :*** AOC, Air Force Station, Bani Camp, Najafgarh, New Delhi-110043। এখানে কুক শাখায় ৪টি (অসংরক্ষিত ২, ওবিসি ১, এসটি ১), পেন্টার শাখায় ১টি (অসংরক্ষিত) শূন্যপদ আছে। 10) ***ঠিকানা :*** Stn Cdr, Base Repair Depot, Air Force Station, Borjhar, PO-Guwahati Airport, Dist. Kamrup, Assam-781015। এখানে সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) শাখায় ১টি (অসংরক্ষিত), কুক শাখায় ১টি (অসংরক্ষিত) শূন্যপদ আছে। 11) ***ঠিকানা :*** CO, 16, Base Repair Depot, Opp. Sekhon Vihar, Palam, New Delhi-110010। এখানে টেলার শাখায় ৫টি (অসংরক্ষিত ৩, ওবিসি ১, এসসি ১) শূন্যপদ আছে। 12) ***ঠিকানা :*** AOC, Equipment Depot, Air Force Station, Abadi, Abadi IAF (Post), Chennai-600055। এখানে সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) শাখায় ৯টি (অসংরক্ষিত ৩, ওবিসি ৩, এসসি ২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১), স্টোরকিপার শাখায় ৫টি (অসংরক্ষিত ২, ওবিসি ২, এসসি ১), এলডিসি শাখায় ৬টি (অসংরক্ষিত ২, ওবিসি ২, এসসি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১), মেস স্টাফ শাখায় ১টি (অসংরক্ষিত), এমটিএস শাখায় ৫টি (অসংরক্ষিত ২, ওবিসি ২, এসসি ১) শূন্যপদ আছে। 13) ***ঠিকানা :*** AOC, Equipment Depot, Air Force Station, Manauri, Dist. Allahabad, Uttar Pradesh-212212। এখানে সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) শাখায় ৪টি (অসংরক্ষিত ১, এসসি ১, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১), স্টোরকিপার শাখায় ১টি (অসংরক্ষিত), কার্পেন্টার শাখায় ৪টি (অসংরক্ষিত ২, ওবিসি ১, এসসি ১), পেন্টার শাখায় ১২টি (অসংরক্ষিত ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১), এমটিএস শাখায় ১০টি (অসংরক্ষিত ৩, ওবিসি ৩, এসসি ২, এসসি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১) শূন্যপদ আছে। 14) ***ঠিকানা :*** AOC, Equipment Depot, Air Force Station, Devlali (South)-422501, Dist. Nasik (Maharashtra)। এখানে সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) শাখায় ৭টি (অসংরক্ষিত ২, ওবিসি ২, এসসি ১, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১), স্টোরকিপার শাখায় ২টি (অসংরক্ষিত ১, ওবিসি ১), এমটিএস শাখায় ৯টি (অসংরক্ষিত ৪, ওবিসি ৩, এসসি ১, এসটি ১) শূন্যপদ আছে। অন্যান্য শূন্যপদ ও পোস্টাল অ্যাড্রেস সম্পর্কে বিস্তারিত জানতে www.indianairforce.nic.in ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিতে হবে।

বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা : ৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ১৮-২৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন। লোয়ার ডিভিশন ক্লার্ক, হিন্দি টাইপিস্ট শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ইংরেজি/হিন্দিতে যথেষ্ট টাইপিং দক্ষতা থাকতে হবে। সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে স্টোর হ্যান্ডলিং এবং অ্যাকাউন্টসের কাজে অভিজ্ঞতা আবশ্যক। স্টোরকিপার শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে স্টোর হ্যান্ডলিং এবং অ্যাকাউন্টসের কাজে অভিজ্ঞতা আবশ্যক। সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে বৈধ সিভিল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে হাল্কা ও ভারি যান চালানোর ক্ষেত্রে। মোটর মেকানিজমে নলেজসহ অন্তত ২ বছর ড্রাইভিংয়ের অভিজ্ঞতা থাকতে হবে। কুক শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ক্যাটারিংয়ে ডিপ্লোমা পাশ করতে হবে এবং ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। পেন্টার ও কার্পেন্টার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে আইটিআই সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। হাউসকিপিং স্টাফ শাখায় মাধ্যমিক পাশ করলে আবেদন করা যাবে। মেস স্টাফ এবং মাল্টি টাস্কিং স্টাফ শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা আবশ্যক। হিন্দি টাইপিস্ট শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে হিন্দিতে টাইপিং স্পিড থাকতে হবে প্রতি মিনিটে ৩০টি শব্দ। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় পাশ করলে প্র্যাকটিক্যাল/ফিজিক্যাল/স্কিল টেস্টে পাশ করতে হবে। এরপর চূড়ান্ত বাছাই প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে www.indianairforce.nic.in ওয়েবসাইটে। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ফটোগ্রাফের স্বপ্রত্যয়িত কপিসহ পাঠিয়ে দিতে হবে সংশ্লিষ্ট ঠিকানায়। সঙ্গে একটি খালি খাম পাঠাতে হবে প্রার্থীর নিজের ঠিকানা লিখে এবং ১০ টাকার পোস্টাল স্ট্যাম্প সমেত। বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটি দেখুন।

উত্তর-পূর্ব রেলে ১৬৬৪ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

তারিখের মধ্যে https://www.rrcpryi.org ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০ টাকা। এসসি/এসটি/ শারীরিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না।

বয়সসীমা : ১ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ১৫-২৪ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীকে ১০+ স্তরের পাঠ্যক্রমের পদ্ধতিতে পড়াশোনা করে স্বীকৃত বোর্ড থেকে ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ মাধ্যমিক পাশ করতে হবে। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেকট্রিক), ওয়্যারম্যান এবং কার্পেন্টার শাখায় আবেদনের জন্য অষ্টম শ্রেণি পাশের সঙ্গে এনসিভিটি দ্বারা স্বীকৃত সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে। ফিটার, আর্মেচার উইন্ডার, মেসিনিস্ট, ইলেট্রিশিয়ান, পেন্টার (জেনারেল), মেকানিক (ডিজেল), ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স, প্লাম্বার, মেকানিক কাম অপারেটর, ইলেকট্রনিক্স কমিউনিকেশন সিস্টেম, হেলথ স্যানিটারি ইন্সপেক্টর, মাল্টিমিডিয়া অ্যান্ড ওয়েবপেজ ডিজাইনার, মেকানিক মেসিন টুলস মেন্টেন্যান্স, ক্রেন অপারেটর, ড্রাফটসম্যান সিভিল, স্টেনোগ্রাফার (ইংলিশ/হিন্দি) শাখায় আবেদনের জন্য এনসিভিটি বা এসসিভিটি দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা আইটিআই সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে। সমস্ত শিক্ষাগত যোগ্যতা ২৭ জুলাই, ২০২১ তারিখের মধ্যে সম্পূর্ণ করতে হবে।

শূন্যপদ : ***১) প্রয়াগরাজ ডিভিশনে*** মেকানিক্যাল ডিপার্টমেন্টে মোট শূন্যপদ ৩৬৪টি (অসংরক্ষিত ১৪৯, ওবিসি ৯৮, এসসি ৫৫, এসটি ২৭ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩৫)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১০টি ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৬টি শূন্যপদ সংরক্ষিত। ইলেকট্রিক্যাল ডিপার্টমেন্টে মোট শূনপদ ৩৩৯টি (অসংরক্ষিত ১৩৮, ওবিসি ৯০, এসসি ৫০, এসটি ২৬ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩৫)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৮টি ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৬৪টি শূন্যপদ সংরক্ষিত। ***২) ঝাঁসি ডিভিশনে*** মোট শূন্যপদ ৪৮০টি (অসংরক্ষিত ২৪৩, ওবিসি ১৩০, এসসি ৭১, এসটি ৩৬ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪৬)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩টি ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত। ***৩) ওয়ার্কশপ ঝাঁসি ডিভিশনে*** মোট শূন্যপদ ১৮৫টি (অসংরক্ষিত ৮৯, ওবিসি ৪৫, এসসি ২৪, এসটি ১০ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৭)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৪টি ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪টি শূন্যপদ সংরক্ষিত। ***৪) আগ্রা ডিভিশনে*** মোট শূন্যপদ ২৯৬টি (অসংরক্ষিত ১৫২, ওবিসি ৭৯, এসসি ৪৬, এসটি ১৯ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৩)। এরমধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৬টি ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১২টি শূন্যপদ সংরক্ষিত।

উপরিউক্ত সমস্ত ডিভিশনের মধ্যে শিক্ষাগত যোগ্যতায় উল্লিখিত সবকটি ট্রেডে শূন্যপদ আলাদা করে দেওয়া আছে। বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিতে হবে।

কোল ইন্ডিয়া লিমিটেডে ৫৮৮

১ পাতার পর

২) ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় মোট শূন্যপদ ১১৭টি (অসংরক্ষিত ৫০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১১, এসসি ১৭, এসটি ৮ এবং ওবিসি ৩১)। ***৩) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং*** শাখায় মোট শূন্যপদ ১৩৪টি (অসংরক্ষিত ৫৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৩, এসসি ২০, এসটি ১০ এবং ওবিসি ৩৭)। ***৪) সিভিল ইঞ্জিনিয়ারিং*** শাখায় মোট শূন্যপদ ৫৭টি (অসংরক্ষিত ২৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৫, এসসি ৭, এসটি ৪ এবং ওবিসি ১৩)। ***৫) ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং*** শাখায় মোট শূন্যপদ ১৫টি (অসংরক্ষিত ৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, এসসি ২, এসটি ১ এবং ওবিসি ৩)। ***৬) জিওলজি*** শাখায় মোট শূন্যপদ ১২টি (অসংরক্ষিত ৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, এসসি ১, এসটি ১ এবং ওবিসি ৩)। উপরিউক্ত পদগুলির মধ্যে ২৭টি পদ শারীরিক প্রতিবন্ধীদের সংরক্ষিত।

বয়সসীমা : ৪ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

শিক্ষাগত যোগ্যতা : মাইনিং, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল এবং ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং শাখায় আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ বিই/বিটেক/ বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ করতে হবে। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীরা অন্তত ৫৫ শতাংশ নম্বর পেলেই আবেদনযোগ্য। জিওলজি শাখায় আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্তত ৬০ শতাংশ নম্বরসহ এমএসসি/এমটেক পাশ করতে হবে জিওলজি/অ্যাপ্লায়েড জিওলজি/অ্যাপ্লায়েড জিওফিজিক্স/জিওফিজিক্স শাখায় পাশ করতে হবে। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীরা অন্তত ৫৫ শতাংশ নম্বর পেলেই আবেদনযোগ্য। যে সমস্ত ছাত্রছাত্রীরা এবছর ফাইনাল ইয়ার পাঠরত তারাও আবেদন করতে পারেন তবে, ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে তাদের ফাইনাল রেজাল্ট পেয়ে থাকতে হবে।

নির্বাচন পদ্ধতি : প্রার্থী বাছাই হবে ২০২১ সালে গ্র্যাজুয়েট অ্যাপটিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (গেট) পরীক্ষায় প্রাপ্ত বৈধ স্কোরের দ্বারা। নির্বাচিত প্রার্থীদের মেধাতালিকা সংশ্লিষ্ট ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে। বাছাই প্রার্থীদের এরপর ডকুমেন্ট ভেরিফিকেশন এবং মেডিক্যাল পরীক্ষায় ডাকা হবে।

আবেদন পদ্ধতি ও সময়সীমা : ৯ সেপ্টেম্বরের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.coalindia.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১১৮০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি লাগবে না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৩/২০২১। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে চোখ রাখুন।

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেড

◆ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বিটেক পাশ করে ২০১৮-র মে মাস থেকে একটি বেসরকারি সংস্থার হয়ে সাইট ইঞ্জিনিয়ারের কাজ করি। শুনেছি ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেডে সিভিল ইঞ্জিনিয়ারদের নিয়োগ করা হচ্ছে। এই খবর সম্পর্কে সঠিক তথ্য জানতে চাই।

সমীরণ বিশ্বাস, আমডাঙ্গা, বারাসাত

☞ ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেড সম্পূর্ণ চুক্তিভিত্তিক পদ্ধতিতে ২৯টি শূন্যপদে ম্যানেজার নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রার্থীদের নিয়োগ করা হবে রাজস্থান, উত্তরপ্রদেশ, আসাম এবং পশ্চিমবঙ্গে অবস্থিত সংশ্লিষ্ট সংস্থার বিভিন্ন কেন্দ্রে। তবে আপনি শুধু সিভিল ইঞ্জিনিয়ারের কথা বলছেন, কিন্তু এখানে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ শিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করা যাবে। আপনার প্রশ্নানুযায়ী এখানে শুধুমাত্র সিভিল ইঞ্জিনিয়ারের পদ সম্পর্কে জানানো হল। এই শাখায় মোট শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৫, ওবিসি ১)। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বিটেক পাশ করতে হবে। সিভিল কনস্ট্রাকশনের কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মাসিক বেতন দেওয়া হবে ৬০ হাজার টাকা করে। বয়সসীমা ৫০ বছর। শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা ও বয়সসীমা ১ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। প্রার্থীদের ওয়াক-ইন ইন্টারভিউয়ে অংশগ্রহণ করতে হবে। সিভিল শাখায় ইন্টারভিউয়ের তারিখ ১৬ আগস্ট সকাল সাড়ে ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা– IRCON International Limited C-4 District Centre, Saket, New Delhi-110017। ইন্টারভিউয়ে উপস্থিত হওয়ার সময় প্রার্থীর সমস্ত শিক্ষাগত যোগ্যতা, বয়সের প্রমাণপত্র ও কাজের অভিজ্ঞতার প্রমাণপত্রের অরিজিনাল কপি সঙ্গে নিয়ে আসবেন। আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তির সঙ্গে দেওয়া আছে, সেটির প্রিন্টআউট কপি বের করতে হবে এফোর সাইজের পেপারে। সেটি যথাযথভাবে ফিলআপ করে, ২ কপি রঙীন পাসপোর্ট সাইজের ফটোগ্রাফ ইন্টারভিউয়ের দিন সঙ্গে নিয়ে যেতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : C-04/2021। এছাড়া আরও বিস্তারিত জানতে www.ircon.org ওয়েবসাইটে চোখ রাখুন।

ক্যাট পরীক্ষা

◆ এবছর 'কমন অ্যাডমিশন টেস্ট' (ক্যাট) পরীক্ষার বিজ্ঞপ্তি কি প্রকাশিত হয়েছে। এই পরীক্ষা পদ্ধতি ও কিভাবে আবেন করব সে বিষয়ে জানতে চাই।

পৃথা সামন্ত, রামপুরহাট, বীরভূম

☞ ক্যাট পরীক্ষা বা 'কমন অ্যাডমিশন টেস্ট' হল একটি গ্র্যাজুয়েট ম্যানেজমেন্ট প্রোগ্রাম। প্রত্যেক বছর ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট-এর যেকোনো একটি কলেজ এই পরীক্ষা গ্রহণ করে থাকে। এবছর ইন্ডিয়ান ইনস্টিটিউট ম্যানেজমেন্ট, আমেদাবাদ এই পরীক্ষাটি গ্রহণ করবে। ইচ্ছুক প্রার্থীরা তাদের নাম রেজিস্ট্রেশন করবেন ৪ আগস্ট, সকাল ১০ থেকে ১৫ সেপ্টেম্বর বিকেল ৫টার মধ্যে। এবছর পরীক্ষাটি অনুষ্ঠিত হত ২৮ নভেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ২৭ অক্টোবর থেকে পরীক্ষার দিন পর্যন্ত। ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করলে প্রার্থী পরীক্ষায় বসতে পারেন। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীরা ন্যূনতম ৪৫ শতাংশ নম্বর পেলেই আবেদন করতে পারবেন। পরীক্ষা কেন্দ্র সারা দেশে প্রায় ১৫৮টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। পরীক্ষা ২ ঘন্টা সময়ে হয়। যাঁরা পোস্ট গ্র্যাজুয়েট ম্যানেজমেন্ট প্রোগ্রামে ভর্তি হতে চান তারা এই পরীক্ষায় অংশগ্রহণ করেন। এবছর পরীক্ষাটি তিনটি সেকশনে ৭৬টি প্রশ্ন থাকবে। প্রতিটি সেকশনে ৪০ মিনিট করে সময় নির্ধারিত থাকবে। তিনটি সেকশনে যে যে বিষয় থেকে প্রশ্ন আসবে সেগুলি হল– ভার্বাল অ্যান্ড রিডিং কম্প্রিহেনশন, ডেটা ইন্টারপ্রিটেশন অ্যান্ড লজিক্যাল রিজিনিং এবং কোয়ান্টিটেটিভ এবিলিটি। এছাড়া বিশদে জানতে www.iimcat.ac.in ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

প্রসার ভারতী

◆ অল ইন্ডিয়া রেডিওতে এই মুহূর্তে কি কোনো আবেদনগ্রহণ চলছে। অর্থাৎ আমি প্রসার ভারতীতে নিয়োগ সম্পর্কে জানতে চাইছি।

পায়েল ঘোষ, বনগাঁ

☞ অল ইন্ডিয়া রেডিও সংস্থার চেন্নাই শাখার মাধ্যমে সম্পূর্ণ চুক্তিভিত্তিক পদ্ধতিতে পার্ট টাইম করেসপন্ডেন্ট পদে প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে প্রসার ভারতী। নির্বাচিত প্রার্থীদের তামিলনাড়ু রাজ্যের চেঙ্গালপাটু, তিরুচিরাপল্লি, পেম্বাসি, চিরুপাত্তুর, রানিপেট এবং মাইলাদুথুরাই জেলায় নিয়োগ করা হবে। আবেদনের জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা হতে হবে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা/ডিগ্রি পাশ করতে হবে জার্নালিজম/মাস মিডিয়া শাখায়। অথবা, যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে জার্নালিজমের কাজে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা হতে হবে ২৪-৪৫ বছরের মধ্যে। প্রার্থীকে সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রাথমিকভাবে নিয়োগ করার পর মাসিক ৮,৭০০ টাকা বেতন দেওয়া হবে। আবেদনপত্র পাঠাতে হবে ১৪ আগস্ট বিকেল ৫টার মধ্যে এই ঠিকানায়– To, The Station Director, All India Radio, 7, Kamarajar Salai, Mylapore-Chennai-600004। আবেদনপত্রের খামের উপর অবশ্যই লিখে দিতে হবে Application for PTC। এছাড়া আরও বিশদে জানতে www.newsonair.nic.in অথবা, prasarbharati.gov.in ওয়েবসাইটে চোখ রাখুন।

ন্যাশনাল ইনস্টিটিউট অফ ফ্যাশন টেকনোলজি

◆ ন্যাশনাল ইনস্টিটিউট অফ ফ্যাশন টেকনোলজিতে আইটিআই যোগ্যতায় কি কি নিয়োগ চলছে? এ রাজ্যের বাসিন্দা হয়ে আমি কি আবেদন করতে পারব? যোগ্যতা ও আবেদনপদ্ধতি দয়া করে জানাবেন।

তপন মণ্ডল, আড়িয়াদহ, উত্তর ২৪-পরগনা

☞ কেন্দ্রীয় সরকারের মিনিস্টি অফ টেক্সটাইলস-এর অধীনস্থ 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ ফ্যাশন টেকনোলজি' (এনআইএফটি), যোধপুর, গ্রুপ-সি ক্যাটেগরিতে প্রাথমিকভাবে ৩ বছরের চুক্তিতে মেসিন মেকানিক ও বিভিন্ন শাখায় ল্যাব অ্যাসিস্ট্যান্ট পদে ৯ জনকে নিয়োগ করতে চলেছে। আবেদন করতে হবে ২৪ আগস্টের মধ্যে। মেশিন মেকানিক শাখায় ৩টি শূন্যপদ, ফিটার শাখায় আইটিআই ডিপ্লোমা পাশ করতে হবে অথবা, উচ্চমাধ্যমিক পাশের পরে অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে গার্মেন্ট ইন্ডাস্ট্রিতে মেশিন কাটিং/সিউয়িং/ফিনিশিং ইত্যাদি ক্ষেত্রে রিপেয়ার ও মেন্টেন্যান্সের কাজে। ফ্যাশন ডিজাইনিং শাখায় ল্যাব অ্যাসিস্ট্যান্টে ১টি শূন্যপদ। এই পদে আবেদনের জন্য উচ্চমাধ্যমিক পাশের পরে সরকারি স্বীকৃত টেকনিক্যাল এডুকেশন ইনস্টিটিউট থেকে টেলারিং/ড্রেস ডিজাইনিংয়ে ডিপ্লোমা পাশ করতে হবে। এছাড়া ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। যদি মাধ্যমিক পাশের পরে প্রার্থী এই সার্টিফিকেট কোর্স করে থাকে তাহলে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ল্যাব অ্যাসিস্ট্যান্ট (ফ্যাশন কমিউনিকেশন) শাখায় শূন্যপদ ১টি। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে অন্তত এক বছরের ডিপ্লোমা কোর্স করতে হবে ফটোগ্রাফিতে। ল্যাব অ্যাসিস্ট্যান্ট (জিএমটি) শাখায় শূন্যপদ ১টি। উচ্চমাধ্যমিক পাশের পরে স্বীকৃত টেকনিক্যাল এডুকেশন ইনস্টিটিউট থেকে এক বছর মেয়াদের সিপিটি/এফডিসিটি কোর্স পাশ করতে হবে। এরসঙ্গে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, মাধ্যমিক পাশের পরে কাটিং অ্যান্ড টেলারিং/ড্রেস ডিজাইনিং শাখায় ৩ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে এবং অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ল্যাব অ্যাসিস্ট্যান্ট (এডি) শাখায় শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশের পর অন্তত এক বছরের সার্টিফিকেট কোর্স করতে হবে লেদার গুডস, প্যাটার্ন মেকিং অ্যান্ড কনস্ট্রাকশন/লেদার টেকনোলজিতে। এর সঙ্গে অন্তত ৭ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ল্যাব অ্যাসিস্ট্যান্ট (টেক্সটাইলস ডিজাইন) শাখায় শূন্যপদ ১টি। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজি থেকে ডিপ্লোমা/ পোস্ট ডিপ্লোমা পাশ করতে হবে হ্যান্ডলুম টেকোনলজি/টেক্সটাইল কেমিস্ট্রি/টেক্সটাইল প্রসেসিং শাখায়। অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ল্যাব অ্যাসিস্ট্যান্ট (আইটি) শাখায় শূন্যপদ ১টি। আবেদনের জন্য কম্পিউটার সায়েন্স/কম্পিউটার অ্যাপ্লিকেশনে বিএসসি পাশ করতে হবে। এর সঙ্গে গ্রাফিক্স অ্যান্ড মাল্টিমিডিয়া সফটওয়্যারে কাজ করতে জানতে হবে। অন্তত এক থেকে দু বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে প্রিন্ট ডিজাইনিং সফটওয়্যারে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করতে হবে http://www.nift.ac.in/jodhpur ওয়েবসাইট থেকে। আবেদনপত্রটি যথাযথভাবে ফিলআপ করে পাঠিয়ে দিতে হবে এই ঠিকানায়– To, The Joint Director, National Institute of Fashion Technology, Karwar, Jodhpur-342037। খামের উপর বড় হাতের অক্ষরে অবশ্যই লিখে দিতে হবে APPLICATION FOR THE POST OF ....। সমস্ত শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা, বয়সের প্রমাণপত্র ইত্যাদির স্বপ্রত্যয়িত ফটোকপি আবেদনপত্রের সঙ্গে পাঠিয়ে দিতে হবে। ২৪ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। আবেদন ফি ৫০০ টাকা। এসসি/এসটি ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। আবেদন ফি জমা করতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। বিস্তারিত জানুন উপরিউক্ত ওয়েবসাইট থেকে।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন এই ইমেল আইডিতে। **Email : sckmatter@gmail.com** অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর ছাপানো হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হবে না।

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Clerk-XI (Preli Exam) 2021	28-29.08.2021 04-05.09.2021	www.ibps.in
IBPS Clerk-XI (Mains Exam) 2021	31.10.2021	
IBPS PO / MT (Preli Exam) 2021	9,10,16,17.10.2021	
IBPS PO / MT (Mains Exam) 2021	27.11.2021	
RRB Office Asst., Officer Scale-I (X) Preli Exam	1,7,8,14,21.08.2021	
RRB Office Asst. (X) Mains Exam	03.10.2021	
RRB Officer Scale-I, II Mains Exam	25.09.2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Preli) Exam-2021	27.06.2021	www.upsc.gov.in
Indian Forest Service (Mains) Exam-2021	21.11.2021	
Civil Services (Preli) Exam-2021	27.06.2021	
Civil Services (Mains) Exam-2021	17.09.2021	
CDS Exam-II 2021	14.11.2021	
NDA & NA Exam-II 2021	05.09.2021	
CAPF (ACs) Exam 2021	08.08.2021	
Engineering Service Preli Exam 2021	18.07.2021	
IES / ISS Exam 2021	16.07.2021	
Staff Selection Commission		
MTS Tier-I Exam 2021	01-20.07.2021	www.ssc.nic.in
MTS Tier-II Exam 2021	21.11.2021	
SSC GD Constable, 2020	02-25.08.2021	
Delhi Police SI (Paper-II) 2020	12.07.2021	
West Bengal & All India Various Exams' Date		
WBCS Preliminary 2021 Exam	22.08.2021	www.wbpsc.gov.in
WBCS 2020 Mains Exam	27-29, 31.08.2021	
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	
PSC Audit & Accounts Service 2020 Preli	13.06.2021 (Postponed)	

West Bengal and All India Various Exams' Result

Examination	Website
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Prelims Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
UPSC (Union Public Service Commission)	
UPSC CDS-II 2020 Result	www.upsc.gov.in
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC Junior Engineer 2020 Paper-I Result	www.ssc.nic.in
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 (Tier-II) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	
West Bengal and All India Various Exams' Result	
WBCS 2019 Group-C Main Result	www.wbpsc.gov.in
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
WBCS 2020 Preliminary Result	www.wbpsc.gov.in
PSC Miscellaneous Services Exam 2018 Mains Result	www.wbpsc.gov.in
PSC Industrial Development Officer Prelims Result	

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। সাম্প্রতিক লকডাউন পরিস্থিতিতে অনেক পরীক্ষার তারিখ পিছোতে পারে, নতুন তারিখ জানানো হলে আমরা তা পত্রিকায় জানিয়ে দেব। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' **(GSCE)**-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

শিক্ষা চাকরি ও খেলা

১০টি অলিম্পিক পদক জিতে রেকর্ড অ্যালিসন ফেলিক্সের

কারেন্ট অ্যাফেয়ার্স

অলিম্পিকে সোনা নীরজ চোপড়ার

দেশ ও বিদেশের উল্লেখযোগ্য খবর

রাজ্যের খবর

বাংলা পেল চারটি স্কচ পুরস্কার

'ইজ অফ ডুয়িং বিজনেস' উদ্যোগের অধীনে পশ্চিমবঙ্গ সরকার তার স্কিমের জন্য চারটি স্কচ পুরস্কার পেল। রাজ্যের স্কিম 'শিল্পসাথী-অনলাইন সিঙ্গেল উইন্ডো পোর্টালিটি প্ল্যাটিনাম পুরস্কার' জিতেছে এবং শহর অঞ্চলের জন্য অনলাইন পদ্ধতির মাধ্যমে তালিকাভুক্তির পদ্ধতিটি গোল্ডেন পুরস্কার জিতেছেন। গ্রামাঞ্চলে 'অনলাইন ট্রেড লাইসেন্স প্রদান' এবং 'ই-নথিকরণ' পদ্ধতিটি দু'টি রুপো বা সিলভার পুরস্কার জিতেছে।

প্রতিরক্ষা

ভারত-সংযুক্ত আরবের যৌথ নৌমহড়া 'জায়েদ তালওয়ার'

ভারতীয় নৌবাহিনী এবং সংযুক্ত আরব আমিরশাহী ৭ আগস্ট তারিখে আবুধাবি উপকূলে দ্বিপাক্ষিক নৌমহড়া 'জায়েদ তালওয়ার ২০২১' পরিচালনা করেছে।

জায়েদ তালওয়ার ২০২১

'জায়েদ তালওয়ার ২০২১' নৌমহড়ার মূল উদ্দেশ্য হল দুই নৌবাহিনীর মধ্যে সমন্বয় বৃদ্ধি করা। পারস্য উপসাগরে মোতায়েন করা দুটি সী কিং এমকে ৪২বি হেলিকপ্টার নিয়ে ভারতীয় নৌবাহিনী আইএনএস কোচিতে অংশ নিয়েছিল। সংযুক্ত আরব আমিরশাহী থেকে আল-দাফরা নামক একটি বায়নুনাহ শ্রেণির নির্দেশিত 'মিসাইল করভেট' এবং একটি 'এএস-৫৬৫বি প্যান্থার হেলিকপ্টার' মহড়ায় অংশ নিয়েছিল।

জাতীয় খবর

দেশের প্রথম জলাতঙ্কমুক্ত রাজ্য গোয়া

দেশের মধ্যে জলাতঙ্কমুক্ত রাজ্য হিসাবে প্রথম হল গোয়া। গোয়ার মুখ্যমন্ত্রী ডঃ প্রমোদ সাওয়ান্ত ঘোষণা করেন যে, তিনবছর ধরে রাজ্যে জলাতঙ্কের কোনো খবর মেলেনি। 'মিশন জলাতঙ্ক মুক্ত দল' গোয়ায় দারুণভাবে কাজ করেছে বলে এবং ওই দল নির্দিষ্ট সময়ে কুকুরদের টীকাকরণও করিয়েছে।

ভারত এশিয়ার দীর্ঘতম উচ্চগতির ট্র্যাক উদ্বোধন করল

ভারী শিল্প ও পাবলিক এন্টারপ্রাইজ মন্ত্রী প্রকাশ জাভড়েকর ইন্দোরে 'ন্যাট্রিক্স-হাই-স্পিড ট্র্যাক' উদ্বোধন করলেন যা এশিয়ার দীর্ঘতম ট্র্যাক।

১০০০ একর জমিতে উন্নত ন্যাট্রিক্স হল ২ চাকার গাড়ি থেকে ভারী ট্রাক্টর ও ট্রেলারগুলির বিস্তৃত শ্রেণির যানবাহনের জন্য সমস্ত ধরনের উচ্চ-গতির পারফরম্যান্স পরীক্ষার জন্য 'ওয়ান স্টপ সলিউশন'। বিশ্বের পঞ্চম দীর্ঘতম উচ্চগতিসম্পন্ন (১১.৩ কিমি) এই ট্র্যাক ভারতে মোটরগাড়ি উৎপাদন ও খুচরো যন্ত্রাংশের কেন্দ্রস্থল হবে।

মায়ের পদবী ব্যবহার করা যাবে

সম্প্রতি এক মামলায় দিল্লি হাইকোর্ট রায় দিয়েছে, সন্তান চাইলে তার মায়ের পদবী ব্যবহার করতে পারে, সেক্ষেত্রে বাবার পদবী ব্যবহারে বাধ্যতা নেই কোনো। অর্থাৎ, ভারতে এরপর থেকে পদবী ব্যবহারে সন্তানের যদি মনে হয় সে মায়ের পদবী গ্রহণ করবে, সে তা করতে পারে। তাতে পৈতৃক সম্পত্তি পেতেও কোনো সমস্যা হবে না বলে জানিয়েছে দিল্লি হাই কোর্ট।

রেল-এনটিপিসি পরীক্ষার টাকা রিফান্ডের নতুন নোটিশ

বর্তমানে বেশ কিছু ব্যাঙ্ক সংযুক্তিকরণের সময় তাদের আইএফএসসি কোড বদলে গিয়েছে। ফলে রেলের এনটিপিসি পরীক্ষার্থীদের টাকা রিফান্ডের জন্য রেলবোর্ডের তরফ থেকে নির্দেশিকা জারি করে বলা হয়েছে যে, ১১ আগস্ট থেকে ৩১ আগস্ট পর্যন্ত রেলের নির্দিষ্ট ওয়েবসাইট থেকে ব্যাঙ্ক অ্যাকাউন্ট ডিটেলস প্রার্থীরা যেন আপডেট করে নেয়। গত ২৮ ডিসেম্বর, ২০২০ থেকে ৩১ জুলাই, ২০২১ এর মধ্যে যাঁরা পরীক্ষায় অংশ নিয়েছেন, কেবল তাঁরাই এখন টাকা রিফান্ডের আবেদন করবেন। বাকিদের তারিখ পরবর্তীকালে জানানো হবে রেল বোর্ডের তরফে।

পেনশন সুবিধা পাবেন বিশেষভাবে সক্ষম সন্তানেরা

সরকারি কর্মী বা পেনশনপ্রাপকদের মৃত্যুর পর শারীরিক ও মানসিক ক্ষেত্রে বিশেষভাবে সক্ষম সন্তানেরা পারিবারিক পেনশন সুবিধা এবার থেকে পাবেন। কেন্দ্রীয় পার্সোনেল মন্ত্রকের প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিংহ জানিয়েছেন, এই প্রতিবন্ধকতাসম্পন্ন মানুষদের শারীরিক ও আর্থিক প্রয়োজনীয়তার দিকে তাকিয়ে তাঁরা এই পদক্ষেপ গ্রহণ করেছেন। তবে এই সুবিধা পেতে বিশেষ কিছু শর্ত রয়েছে সেগুলি পরবর্তীতে কেন্দ্রের তরফ থেকে জানানো হবে।

কেরালা পুলিশ চালু করল 'পিঙ্ক প্রোটেকশন'

কেরালা পুলিশ সরকারি, বেসরকারি এবং ডিজিটাল জায়গাগুলিতে মহিলাদের সুরক্ষার জন্য 'পিঙ্ক প্রোটেকশন প্রকল্প' নামের একটি নতুন উদ্যোগ শুরু করল। এই প্রকল্পের লক্ষ্য, কৌতুক সংক্রান্ত সমস্যা, সাইবার-কুলিং এবং পাবলিক প্লেসে অপমান প্রতিরোধ করা। এটির ১০টি উপাদান রয়েছে, যার মধ্যে একটি পিঙ্ক পুলিশ পেট্রোল সিস্টেমে সক্রিয় রয়েছে, যার নাম 'পিঙ্ক জনমইত্রি বিট'।

খেলাধুলা

কুস্তিতে ভারতকে রুপো এনে দিলেন রবি কুমার

পুরুষদের ৫৭ কেজি ফ্রিস্টাইল বিভাগে ভারতকে রুপো এনে দিলেন রবি কুমার দাহিয়া। সোনা জয়ের লড়াইয়ে ফাইনালে রুশ প্রতিপক্ষ জভুর উগুয়েভের কাছে

রবি কুমার দাহিয়া

৪-৭ ব্যবধানে পরাজিত হন তিনি। ২০১৮ ও ২০১৯ সালের দু'বারের বিশ্ব চ্যাম্পিয়ন জভুরের বিপক্ষে লড়াইটা সহজ ছিল না। রবি কুমার লড়াই করেন নিজের সবটুকু দিয়েই। সোনা অধরা থাকলেও রুপোজয়ী রবি কুমার দাহিয়াকে কুর্নিশ জানিয়েছে দেশবাসী।

কুস্তিতে ব্রোঞ্জ বজরং পুনিয়ার

পুরুষদের ফ্রি স্টাইল ৬৫ কেজি বিভাগে কাজাখস্তানের দৌলেট নিয়াজবেকভের বিরুদ্ধে ৮-০ স্কোরে জয় পেয়ে অলিম্পিক

বজরং পুনিয়া

কুস্তিতে ব্রোঞ্জ পদক জিতেছেন ভারতের কুস্তিগীর বজরং পুনিয়া। কেডি যাদব, সুশীল কুমার, যোগেশ্বর দত্ত, সাক্ষী মালিক এবং রবি কুমার দাহিয়ার পর ষষ্ঠ ভারতীয় হিসাবে পুনিয়া অলিম্পিকে পদক জয় করলেন। ২০১২ সালের লন্ডন অলিম্পিকের পর এটি দ্বিতীয় অলিম্পিক যেখানে দুজন ভারতীয় কুস্তিগীর একই গেমসে পদক জিতেছেন।

অলিম্পিকে সোনা জিতে ইতিহাস গড়লেন নীরজ চোপড়া

প্রথম ভারতীয় হিসাবে অ্যাথলিট বিভাগে জ্যাভলিন থ্রো ইভেন্টে দেশকে সোনা জয়ের স্বাদ এনে দিলেন নীরজ চোপড়া। প্রথম প্রচেষ্টায় তিনি ৮৭.০৩ মিটার নিক্ষেপ করেই কার্যত খেলা নিজের পক্ষে নিয়ে নেন। দ্বিতীয় প্রচেষ্টায় ৮৭.৫৮ মিটার স্কোরে সোনা জয় নিশ্চিত করেন। চেক প্রজাতন্ত্রের ভিটেজালভ ভেসলের ৮৬.৬৭ মিটার নিক্ষেপ বাদে আর কেউ নীরজের ধারেকাছে আসতে পারেননি। টোকিও অলিম্পিক ভারতের জন্য দৃষ্টান্তস্বরূপ ইতিহাস হয়ে থাকল কারণ এই অলিম্পিকেই মোট ৭টি পদক জিতেছে ভারত যা এখনও পর্যন্ত সবচেয়ে বেশি। অন্যদিকে শুটিংয়ে অভিনব বিন্দ্রার পরে নীরজ চোপড়ার সোনা জয় অলিম্পিকে ব্যক্তিগত বিভাগে দেশের হয়ে দ্বিতীয় সোনা প্রাপ্তি।

টেস্ট ক্রিকেটে তৃতীয় সর্বোচ্চ উইকেট সংগ্রহকারী অ্যান্ডারসন

জেমস অ্যান্ডারসন অনিল কুম্বলের মোট ৬১৯টি টেস্ট উইকেটের সংখ্যাকে পিছনে ফেলে টেস্ট ক্রিকেটে তৃতীয় সর্বোচ্চ উইকেট সংগ্রহকারী হলেন। কে এল রাহুলকে (উইকেট কিপারের কাছে ক্যাচ দিয়ে) আউট করার পর এই বিশেষ কৃতিত্ব অর্জন করেন তিনি। ১৬৩টি টেস্টে তাঁর বর্তমান উইকেট সংগ্রহ ৬২১টি।

জেমস অ্যান্ডারসন

অ্যান্ডারসন বর্তমানে ফার্স্ট বোলারদের মধ্যে সর্বোচ্চ উইকেট শিকারী এবং ৬০০ উইকেট ক্লাবের একমাত্র পেসার।

অলিম্পিক্সে প্রথম মহিলা হিসাবে ১০টি পদক ফেলিক্সের

টোকিও অলিম্পিক্সে মেয়েদের ৪০ মিটার দৌড়ে ব্রোঞ্জ জিতে নজির গড়লেন অ্যালিসন ফেলিক্স। এটি তাঁর দশম অলিম্পিক পদক। আজ পর্যন্ত কোনো মহিলার অলিম্পিকে এতগুলি পদক প্রাপ্তির নজির নেই। এর আগে রেকর্ডটি ছিল জামাইকার মেরিলিন ওট্টের। তাঁর ঝুলিতে আছে ৯টি অলিম্পিক পদক। মার্কিনি অ্যালিসন ফেলিক্স সব মিলিয়ে ৬টি সোনা, ৩টি রুপো, ১টি ব্রোঞ্জ পেলেন অলিম্পিক কেরিয়ারে। ৩৫ বছর বয়সেও অলিম্পিক গ্রাউন্ডে এহেন নজির গড়ে বিশ্বকে চমকে দিয়েছেন ফেলিক্স।

লাভাংশু শর্মা 'ভারত কেশরী কুস্তি দঙ্গল' জিতলেন

ভারতীয় কুস্তিগীর লাভাংশু শর্মা তামিলনাড়ুতে আয়োজিত 'ভারত কেশরী কুস্তি দঙ্গল ২০২১' জিতেছেন। উত্তরাখণ্ড গঠনের ২০ বছর পর, লাভাংশু এই ট্রফির খরা কাটিয়ে জয়লাভ করলেন। রাজ্য পর্যায়ে ১৫টি সোনা ও দেশীয় পর্যায়ে ১০টি পদক এবং আন্তর্জাতিক কুস্তি প্রতিযোগিতায় ২টি স্বর্ণপদক এবং ১টি রুপো পদক জিতে লাভাংশু ইতিমধ্যেই দেশকে গৌরবান্বিত করেছেন।

আন্তর্জাতিক খবর

ডেনমার্কে নির্মিত হল বিশ্বের দীর্ঘতম স্যান্ড কাসল

ডেনমার্কে বিশ্বের দীর্ঘতম স্যান্ডকাসল

